**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 2/4/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল স্টেটব্যাপী শিক্ষাদানকারীদের নেটওয়ার্কে যুক্ত করার জন্য 230 জন নিউ ইয়র্ক স্টেটের মাস্টার টিচার বাছাইয়ের ঘোষণা দিলেন

***নিউ ইয়র্ক স্টেটে মাস্টার টিচার স্বীকৃতি অর্জন করা অসাধারণ STEM শিক্ষক-নেতাদের মোট সংখ্যা এখন 1400-র বেশি***

***K-12 STEM শিক্ষকদের নতুন আবেদন এখন খোলা থাকবে 26 ফেব্রুয়ারি, 2022 পর্যন্ত***

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের মাস্টার টিচার কর্মসূচি (New York State Master Teacher Program) থেকে স্টেটব্যাপী 230 জন শিক্ষাদানকারী বাছাইয়ের ঘোষণা দিলেন, যাদের মধ্যে 55 জন প্রাথমিক শিক্ষক। নতুন সদস্যরা নতুন 21টি জেলার ফ্যাসিলিটিতে মাস্টার টিচার যোগ করে। কর্মসূচিটি 22টি অতি চাহিদার জেলা থেকে শিক্ষকদের স্বাগত জানায়, যার মধ্যে রয়েছে ইয়োঙ্কার্স, সিরাকিউজ, রচেস্টার, বিংহ্যামটন সিটি, এবং বাফেলো সিটির স্কুল জেলা।

"মহামারী চলাকালীন আমাদের শিক্ষাদানকারীরা বিশাল প্রতিবন্ধকতা সামাল দিয়েছে, দূরবর্তী শিখানোতে অভ্যস্ত হয়েছে, আমাদের শিশুদের কাজে জড়িত রেখেছে, এবং নিউ ইয়র্কের শিক্ষার্থীরা যাতে তাদের শিক্ষা চালিয়ে যেতে পারে সেজন্য সকল ধরনের সমন্বয় করেছে," **গভর্নর হোকল বলেন।** "আমরা আমাদের শিক্ষাদানকারীদের প্রতি অনেক ঋণী, এবং এই অতি গুরুত্বপূর্ণ কর্মসূচিটি এটি নিশ্চিত করতে সাহায্য করবে যে নিউ ইয়র্ক স্টেটের প্রতি কোণার এক হাজারের বেশি শিক্ষকের কাছে যেন সেরা কাজ করা ও তারা যেই স্কুল ব্যবস্থায় কাজ করছে তার উন্নয়ন অব্যাহত রাখার জন্য সংস্থান পায়।

মাস্টার টিচারদের আসন্ন দলটির মধ্যে রয়েছে একাধিক শিক্ষা সনদসহ 22 জন শিক্ষক, বিশেষ শিক্ষায় (Special Education), প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য এবং/অথবা দ্বিতীয় বা বিদেশী ভাষা হিসেবে ইংরেজি শিক্ষাদানে (Teaching English as a second or foreign language, TESOL) সনদপ্রাপ্ত 13 জন শিক্ষক, এবং প্রযুক্তি শিক্ষায় সনদপ্রাপ্ত 19 জন শিক্ষক যারা প্রকৌশল তত্ত্ব ও প্রয়োগ, কম্পিউটার ইন্টিগ্রেটেড ম্যানুফ্যাকচারিং, উৎপাদন ও রোবোটিক্সের নকশা ও অঙ্কন বিষয়ক বিভিন্ন কোর্স প্রদান করছে। এই শিক্ষাদানকারীরা 2013 সালে গঠিত মাস্টার টিচারদের নেটওয়ার্কে যোগ দেবেন, যার ফলে নিউ ইয়র্ক স্টেটব্যাপী বাছাইকৃত মোট নিউ ইয়র্ক স্টেট মাস্টার টিচারের সংখ্যা 1400 জনের বেশি হবে।

**নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির (State University of New York, SUNY) অন্তর্বর্তীকালীন চ্যান্সেলর ডেবোরাহ এফ স্ট্যানলি বলেন,** "নিউ ইয়র্কের মাস্টার টিচার কর্মসূচি অনেক দিন ধরেই আমাদের স্টেটব্যাপী দারুণ প্রতিভাবানদের উদযাপন করেছে, বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল, গণিত (Science, Technology, Engineering, and Mathematics, STEM) শিক্ষার নেতৃবৃন্দকে স্বীকৃতি প্রদান করেছে যারা শিক্ষার্থী ও সহকর্মী উভয়কে সমভাবে অনুপ্রাণিত করে। আমাদের ইতিহাসের এই বিশেষ কঠিন সময়ে, আমরা আমাদের শিক্ষার্থীদের প্রতি আরো বেশি কৃতজ্ঞ তাদের শিক্ষার্থীদের কাজে নিযুক্ত রাখার জন্য এবং শ্রেণীর কাজে সফল হওয়ার জন্য। SUNY-র পক্ষে, এই বছরের সম্মানিতদের প্রতি আমার অভিনন্দন রইলো।"

230 জন মাস্টার টিচার হলেন নিবেদিত পেশাজীবী যারা K-12 গ্রেডসমূহতে অ্যাডভান্সড প্লেসমেন্ট, অনার্স, এবং রিজেন্টস লেভেলে বিজ্ঞান, প্রযুক্তি, কম্পিউটার বিজ্ঞান, রোবোটিক্স, কোডিং, প্রকৌশলী, গণিত, এবং ইন্টিগ্রেটেড STEM কোর্স শেখান।

বাছাইকৃত মাস্টার টিচারগণ গড়ে 15 বছর ধরে শিক্ষকতা করছেন। 81 শতাংশের বেশি দশ বছর বা তার বেশি সময় ধরে শ্রেণীকক্ষে রয়েছে, এবং 26 শতাংশ 20 বছরেরও বেশি সময় ধরে শিক্ষকতা করছেন। 230 জন মাস্টার টিচার 159টি স্কুল জেলার প্রতিনিধিত্ব করেন।

সকল মাস্টার টিচার তাদের শ্রেণীকক্ষের বাইরেও পাঠ্যক্রম এবং ডিপার্টমেন্টের নেতা বা ডিস্ট্রিক্ট ও স্টেট লেভেল কমিটির সদস্য হিসেবে, এবং একই সাথে শিক্ষার্থী ও প্রারম্ভিক কর্মজীবনে থাকা শিক্ষকদের পরামর্শদাতা হিসেবে কাজ নিয়ে সক্রিয় থাকেন। অনেক নতুন সদস্যরা স্কুল STEM সংস্থানের অনুদান পেয়েছেন। তারা বিজ্ঞান অলিম্পিয়াড প্রতিযোগিতা, গ্রীষ্মকালীন STEM ক্যাম্প[, স্কুলের বাগান, রোবোটিক্স দল, কোডিং ক্লাব, সম্প্রদায়ের পরিষেবা প্রতিষ্ঠান, এবং PTO সদস্য বা কর্মকর্তাদের স্পন্সর। মাস্টার টিচারগণ নিউ ইয়র্ক স্টেট STEM প্রফেশনাল অ্যাসোসিয়েশন এবং আঞ্চলিক ও স্টেটব্যাপী শিক্ষাদানকারীদের কনফারেন্সের জন্য পেশাদার উন্নয়নের কর্মশালায় নেতৃত্বে ভূমিকা পালন করেন। 230 জন মাস্টার টিচারদের অনেকেই তাদের সহকর্মী, স্থানীয় সম্প্রদায় বা পেশাদার সংগঠন থেকে শিক্ষকতার জন্য পুরস্কার এবং সর্বজনীন স্বীকৃতি পেয়েছেন।

স্টেট জুড়ে নয়টি অঞ্চলে, ইউনিভির্সিটির ফ্যাকাল্টি এবং বিদ্যমান প্রশিক্ষক প্রস্তুতি প্রোগ্রামের দক্ষতা বৃদ্ধির জন্য একটি স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (State University of New York, SUNY) ক্যাম্পাসে মাস্টার টিচার প্রোগ্রাম আয়োজন করা হয়। প্রতিটি আঞ্চলিক দল এবং সংশ্লিষ্ট অংশীদার SUNY ক্যাম্পাস থেকে বাছাইকৃত শিক্ষকের সংখ্যা:

- ক্যাপিটাল রিজিয়ন: 180 (অ্যালবানি ইউনিভার্সিটি)
- সেন্ট্রাল নিউ ইয়র্কঃ 183 (SUNY কোর্টল্যান্ড)
- ফিঙ্গার লেকস: 178 (SUNY জেনেসিও)
- লং আইল্যান্ড: 156 (স্টোনি ব্রুক ইউনিভার্সিটি)
- মিড-হাডসন: 135 (SUNY নিউ প্যাল্টজ)
- মোহক ভ্যালি: 115 (SUNY অনিয়ন্টা)
- নর্থ কান্ট্রিঃ 116 (SUNY প্ল্যাটসবার্গ)
- সাউদার্ন টিয়ার: 206 (বিংহ্যামটন ইউনিভার্সিটি)

- ওয়েস্টার্ন নিউ ইয়র্ক: 177 (SUNY বাফেলো স্টেট)
- নিউ ইয়র্ক সিটি 75 (ম্যাথ ফর আমেরিকার সাথে অংশীদারিত্ব)

মাস্টার টিচার ও তাদের স্কুল ডিস্ট্রিক্টের পূর্ণাঙ্গ তালিকা এখানেপাওয়া যায়।

এই প্রোগ্রামে তাদের চার বছরের অংশগ্রহণে, মাস্টার টিচারগণ:

- বার্ষিক 15,000 মার্কিন ডলার বৃত্তি পান;
- অ্যাকাডেমিক বছর জুড়ে পিয়ার মেন্টরিং এবং ইন্টেনসিভ বিষয়বস্তু-ভিত্তিক পেশাদার উন্নয়নের সুযোগে যুক্ত হন;
- পরবর্তী প্রজন্মের STEM শিক্ষকদের জন্য একটি সহায়ক পরিবেশ গড়ে তুলতে প্রাক-পরিষেবা এবং প্রারম্ভিক কর্মজীবনের শিক্ষকদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করেন এবং
- তারা প্রতিবছর তাদের SUNY ক্যাম্পাসে প্রয়োজনীয় আঞ্চলিক মিটিং এ অংশগ্রহণ করেন এবং বিভিন্ন পেশাদার উন্নয়নমূলক সেশনে নেতৃত্ব দেন।

এছাড়াও গভর্নর হোকল বসন্তে সকল অঞ্চলের K-12 STEM শিক্ষকদের জন্য আবেদনপত্রের পরবর্তী পর্ব উদ্বোধনের ঘোষণা করবেন। K-12 STEM শিক্ষকদেরকে www.suny.edu/masterteacher-এ যোগ্যতার প্রয়োজনীয়তা পর্যালোচনা করতে বলা হয়।

## নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি সম্পর্কে

SUNY হলো যুক্তরাষ্ট্রে উচ্চশিক্ষার বৃহত্তম বিস্তৃত ব্যবস্থা এবং সমস্ত নিউ ইয়র্কবাসীর 95 শতাংশেরও বেশি SUNY-র 64টি কলেজ এবং ইউনিভার্সিটির যেকোনো একটির 30 মাইলের মধ্যে বাস করে। পুরো স্টেটে, SUNY-র চারটি একাডেমিক স্বাস্থ্যকেন্দ্র, পাঁচটি হাসপাতাল, চারটি মেডিকেল স্কুল, দুইটি ডেন্টাল স্কুল, একটি আইন স্কুল, স্টেটের একমাত্র অপ্টোমেট্রি রয়েছে, এবং এটি একটি মার্কিন এনার্জি ডিপার্টমেন্টের জাতীয় গবেষণাগার (US Department of Energy National Laboratory) ব্যবস্থাপনা করে। সামগ্রিকভাবে, SUNY প্রায় 1.3 মিলিয়ন শিক্ষার্থীকে ক্রেডিট-বিয়ারিং কোর্স এবং প্রোগ্রাম, অব্যাহত শিক্ষা এবং কমিউনিটি আউটরিচ প্রোগ্রামে প্রশিক্ষণ দেয়। SUNY নিউ ইয়র্কের প্রায় এক-চতুর্থাংশ অধ্যয়ন বিষয়ক গবেষণার তত্ত্বাবধান করে। পুরো সিস্টেমে 2021 অর্থবছরে গবেষণা ব্যয় ছিলো প্রায় 1.1 বিলিয়ন মার্কিন ডলার, যার মধ্যে শিক্ষার্থী ও ফ্যাকাল্টির উল্লেখযোগ্য অবদান ছিলো। বিশ্বব্যাপী তিন মিলিয়ন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী রয়েছেন এবং কলেজের ডিগ্রীসহ তিনজন নিউ ইয়র্কবাসীর মধ্যে একজন হলেন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী। SUNY কীভাবে সুযোগ তৈরি করে সে সম্পর্কে আরো জানতে,suny.edu এ যান।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন